

স্মারক নম্বর: ৩৭.০৩.০০০০.০২৪.০১.০০১.১৮.১৫২৭

তারিখ: ২৪ অগ্রহায়ণ ১৪২৫
০৮ ডিসেম্বর ২০১৮

বিষয়: জনাব মোঃ তাইজুল ইসলাম প্রাক্তন ক্রাফট ইনস্ট্রাক্টর (ইলেকট্রিক্যাল) এর আনুতোষক ও অবসরভাতা মঞ্জুরীর ক্ষেত্রে আপত্তি প্রদান প্রসংগে।

সূত্র: টিএসসি-কুড়ি/পেনশন/৫০৬ তারিখঃ ১২/১১/২০১৮ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানান যাচ্ছে যে, কুড়িগ্রাম টেকনিক্যাল স্কুল ও কলেজের প্রাক্তন ক্রাফট ইনস্ট্রাক্টর (ইলেকট্রিক্যাল) জনাব মোঃ তাইজুল ইসলাম এর আনুতোষিক ও অবসর মঞ্জুরী প্রদানের জন্য অধ্যক্ষ কর্তৃক প্রস্তাব পাওয়া গেছে।

২। প্রস্তাব নিরীক্ষায় দেখা যায় ;

(I) বৈধ উত্তরাধিকারী ঘোষণাপত্র অনুযায়ী মনোনীত উত্তরাধিকারী হিসেবে তাঁর স্ত্রীর নামের স্থলে পুত্রের নাম লিপিবদ্ধ করেছেন যা যথাযথ নয়।

(II) তিনি ৪ নং ঘোষণাদহ ইউনিয়ন পরিষদ, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম এর চেয়ারম্যান কর্তৃক একখানা প্রত্যয়ন পত্র দাখিল করেছেন। প্রত্যয়ন পত্র অনুযায়ী পারিবারিক ব্যক্তিগত কারণে তাঁর স্ত্রীর সাথে বিবাহ বিচ্ছেদ হয়েছে মর্মে উল্লেখ আছে কিন্তু বিবাহ বিচ্ছেদ এর কোন সনদ তিনি দাখিল করেন নাই এবং উক্ত বিবাহ বিচ্ছেদ এর পরে তিনি দ্বিতীয় বিবাহ বন্ধনে আবদ্ধ হয়েছেন মর্মে কোন উল্লেখ নাই।

৩। এমতাবস্থায়, জনাব মোঃ তাইজুল ইসলাম এর আনুতোষিক ও অবসরভাতা মঞ্জুরী প্রদানের নিমিত্ত তাঁহার স্ত্রীর সহিত বিবাহ বিচ্ছেদ এর মূল সনদ এবং তিনি দ্বিতীয় বিবাহ বন্ধনে আবদ্ধ হন নাই মর্মে চেয়ারম্যান কর্তৃক স্বাক্ষরিত এবং অধ্যক্ষ টিএসসি কুড়িগ্রাম কর্তৃক প্রতিস্বাক্ষরিত প্রত্যয়ন সংযোজন পূর্বক পুনরায় স্বয়ং সম্পূর্ণ প্রস্তাব প্রেরণ করার জন্য অনুরোধ করা হল।

সংযুক্তঃ চাকুরী বহি সহ পেনশন সংক্রান্ত প্রস্তাব – ০২ সেট।



৯-১২-২০১৮

মোঃ অহিদুল ইসলাম
পরিচালক

অধ্যক্ষ, কুড়িগ্রাম টেকনিক্যাল স্কুল ও কলেজ, কুড়িগ্রাম।

স্মারক নম্বর: ৩৭.০৩.০০০০.০২৪.০১.০০১.১৮.১৫২৭/১

তারিখ: ২৪ অগ্রহায়ণ ১৪২৫
০৮ ডিসেম্বর ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সংযুক্ত কর্মকর্তা, ই.এম.আই.এস.সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, (তাকে অত্র পত্রখানা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল)।
- ২) জনাব মোঃ তাইজুল ইসলাম, প্রাক্তন ক্রাফট ইনস্ট্রাক্টর (ইলেকট্রিক্যাল), কুড়িগ্রাম টেকনিক্যাল স্কুল ও কলেজ।
- ৩) সংরক্ষণ নথি।



৯-১২-২০১৮

মোহাম্মদ সাজ্জাদ মুফতী
সহকারী পরিচালক